

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। পানির মেইন ট্রান্সমিশন লাইনের চিত্র।
 ০৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
 ০৪। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়ঃ Repairing and Maintenance of 1400 mm dia Butter fly Valve for Water Transmission Network of SWTP.

১.০। ক্রমিক নং-০১ থেকে ০৪ সদয় দেখা যেতে পারে। সাপাশো এর আওতাধীন প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। যেখানে মোট ৬৩টি ই-এআরডি/ পিআরডি চেম্বার রয়েছে। ঢাকা ওয়াসার মডুস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে নিরবিচ্ছিন্ন পানি সরবরাহের জন্য ই-এআরডি গুলোর যথাযথ পরিচালন আবশ্যিক। ই-এআরডি চেম্বার গুলো ঢাকা মহানগরের মেইন রাস্তার নিচে স্থাপিত বলে চেম্বারগুলিতে রাস্তার ধূলাবালি প্রবেশ করে এবং পানি জমে পাইপ লাইন ও ভালভের গায়ে কাদা লেগে থাকে। এছাড়াও ভালভের গ্যাসকেট লিকেজ জনিত কারণে অনেক সময় পানির সাথে আগত Aluminium Sulphate, Chlorine সহ আরও অনেক রাসায়নিক উপাদানের কারণে এবং বন্ধ চেম্বারের অর্ধ পরিবেশের কারণে মরিচা ধরে। ফলে Corrosion এর কারণে যে কোন সময় ভালভের বডি লিকেজের সম্ভাবনা থাকে। সাধারণত কিছু রক্ষণাবেক্ষণ ও পেইন্টিং কাজ করলে ভালভের বডি লিকেজের সম্ভাবনা কমে যায়। উক্ত ভালভ গুলি স্থানীয় বাজারে পাওয়া যায় না বলে বিদেশ হতে ক্রয় করতে হয়, যা অত্যন্ত ব্যয়বহুল ও সময় স্বাপেক্ষ। তাই ভালভ গুলোর যথাযথ পরিচালন তথা নিরবিচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে বর্তমানে ০৪ টি বাটারফ্লাই ভালভসহ চেম্বার গুলি পরিষ্কারকরণ, ভালভ গুলির গ্যাসকেট পরিবর্তন, বহিঃস্থ বল ভালভ ও টিউব পরিবর্তন সহ আনুষঙ্গিক রক্ষণাবেক্ষণ ও রং করণ আবশ্যিক। প্রস্তাবিত কাজটি করা হলে সাপাশো এর আওতাধীন প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনে বিদ্যমান ই-এআরডি/পিআরডি ভালভ চেম্বারগুলি (মোট ৫৭ টি) পরিষ্কারকরণ, ভালভ ও পাইপ লাইন সার্ভিসিং ও পেইন্টিংসহ আনুষঙ্গিক কাজ করা সম্ভব হবে। ফলে ভালভ চেম্বারগুলিতে পানির লিকেজের সম্ভাবনা কমে যাবে এবং ভালভগুলি দীর্ঘস্থায়ী হবে।

২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাণ্ডরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,৪৩৯.০৪৪ (চার লক্ষ আটাত্তনব্বই হাজার চারশত উনচল্লিশ দশমিক শূন্য চার চার) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২৪৭ এবং প্যাকেজ নং- W-108 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯০(১) এবং ৯০(৬) ধারা অনুসারে (RFQ) ই-জিপি পোর্টালের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PW1(a) অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Repairing and Maintenance of 1400 mm dia Butter fly Valve for Water Transmission Network of SWTP. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯০(১) এবং ৯০(৬) ধারা অনুসারে (RFQ) ই-জিপি পোর্টালের দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাণ্ডরিক প্রাক্কলন সর্বমোট ট ৪,৯৮,৪৩৯.০৪৪ (চার লক্ষ আটাত্তনব্বই হাজার চারশত উনচল্লিশ দশমিক শূন্য চার চার) টাকার অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (০১-০৪-০০১) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


13.5.26

সুব্রত কুমার দেক
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



১৩/০৫/২৬

মোঃ মশিউর রহমান খুন্সারী
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



13-05-26

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE (WSTP)



13/05/26

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


13/05/26



বা. স্বাক্ষর প্রকৌশলী,


13/05/26
শওকত হাইমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।